'শেখ হাসিনার দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.২২.০০১.২০. ২৫৪

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৭
২২ জুন ২০২০

বিষয়ঃ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারের জন্য কর্মকর্তা-কর্মচারি মনোনয়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা-কর্মচারিদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ৬ এপ্রিল ২০১৭ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ আলোকে বিভিন্ন ক্যাটাগরিতে সমাজসেবা অধিদফতরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নির্ধারিত ছক মোতাবেক মনোনয়ন আহবান করা হচ্ছে।

এমতাবস্থায়, সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ এর আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহ হতে আগ্রহীদের নিজ নিজ তথ্য যাচাই বাছাই পূর্বক (সংযুক্ত ছক মোতাবেক) স্ব স্ব নিয়ন্ত্রণকারী বিভাগীয় অফিস প্রধানের মাধ্যমে আগামী ২৪ জুন ২০২০ এর মধ্যে সমাজসেবা অধিদফতরের সদর দফতরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২০১৬-১৭ অর্থবছর, ২০১৭-১৮ অর্থবছর, ২০১৮-২০১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই। চাকুরির বয়স ন্যূনতম ৬ মাসের কম, এরুপ কর্মকর্তা-কর্মচারিকে মনোনয়ন প্রদান করা যাবে না।

সংযুক্তঃ বর্ণনামতে।

22/6/2020

মোঃ আবু মাসুদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ৫৫০০৭০২২
ফ্যাক্স : ৯১৩৮৩৭৫
ই-মেইল: director-admin@dss.gov.bd

কার্যার্থেঃ

০১। পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০২। পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ...। (ক্যাটাগরি অনুযায়ী সকল মনোনীত কর্মকর্তা ও কর্মচারিদের তালিকা ২৪ জুন ২০২০ এর মধ্যে সমাজসেবা অধিদফতরে প্রেরণের অনুরোধ করা হলো।)

০৩। উপপরিচালক, (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৪। উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়...।

সদয় জ্ঞাতার্থেঃ

০১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

সংযুক্ত - "ক"

শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্যাটাগরিঃ

ক্রম	কার্যালয়ের ধরণ	ক্যাটাগরি ও গ্রেড	পুরস্কারের সংখ্যা
১	বিভাগীয় সমাজসেবা কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ৩-১০	১
		গ্রেড ১১-২০	১
২	জেলা সমাজসেবা কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ৪-১০	১
		গ্রেড ১১-২০	১
৩	উপজেলা সমাজসেবা কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৪	থানা/শহর সমাজসেবা কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৫	হাসপাতাল সমাজসেবা কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৬	প্রবেশন কার্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৭	সরকারি শিশু পরিবারসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৮	ছোটমণি নিবাসসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
৯	সরকারি আশ্রয়কেন্দ্রসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১০	মহিলা ও শিশু কিশোরীদের নিরাপদ আবাসন কেন্দ্রসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১১	সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১২	সরকারি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১৩	শিশু উন্নয়ন কেন্দ্রসমূহ	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১৪	প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ (জাতীয় সমাজসেবা একাডেমী, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র- ৬ টি)	কার্যালয় প্রধান	১
		গ্রেড ৪-১০	১
		গ্রেড ১১-২০	১
১৫	প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, পিএইচটি সেন্টার- ৪ টি, এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র-৬ টি)	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১

ক্রম	কার্যালয়ের ধরণ	ক্যাটাগরি ও গ্রেড	পুরস্কারের সংখ্যা
১৬	প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ (দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র- ৩ টি , প্রাকবৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র- ৫ টি)	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১৭	প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ (সোসিও ইকোনমিক সেন্টার- ২ টি , সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র- ৬ টি, দুঃস্থ ও ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র- ৬ টি)	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১
১৮	প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ (ইআরসিপিএইচ, আরআরসি,বৃত্তিমূলক উৎপাদন কেন্দ্র, দত্তপাড়া, জাতীয় অন্ধ প্রশিক্ষণ কেন্দ্র, টঙ্গী, ব্রেইল প্রেস, গাজীপুর এবং কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র, গাজীপুর)	কার্যালয় প্রধান	১
		গ্রেড ১১-২০	১

সংযুক্ত - "খ"

ছকঃ শুদ্ধাচার পুরস্কারের মূল্যায়ন ফরম

নামঃ...

পদবীঃ ....

কার্যালয়ঃ...

মুল বেতনঃ.. গ্রেডঃ..............................

সরকারি চাকুরীতে যোগদানের তারিখঃ................................ মোবাইলঃ........................

ক্রম	সূচক	নম্বর	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১	পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫		
২	সততার নিদর্শন (বিভাগীয় কোন মামলা আছে কি না উল্লেখ করতে হবে।)	৫		
৩	নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা	৫		
৪	শৃঙ্খলাবোধ (কোন অভিযোগ আছে কি না মন্তব্য কলামে উল্লেখ করতে হবে)	৫		
৫	সহকর্মীদের সঙ্গে আচরণ	৫		
৬	সেবাগ্রহীতার সঙ্গে আচরণ	৫		
৭	প্রতিষ্ঠানের বিধিবিধানের প্রতি শ্রদ্ধাশীলতা	৫		
৮	সমন্বয় ও নেতৃত্বদানের ক্ষমতা	৫		
৯	তথ্যপ্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা (ইংরেজি ও বাংলা টাইপিং দক্ষতা আছে কি না)	৫		
১০	পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা	৫		
১১	ছুটি গ্রহণের প্রবণতা (কোন অননুমোদিত ছুটি ভোগ করে থাকলে মন্তব্য কলামে উল্লেখ করতে হবে)	৫		
১২	উদ্ভাবন চর্চা (কোন স্বীকৃত উদ্ভাবন থাকলে বিস্তারিত উল্লেখ করতে হবে)	৫		
১৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা	৫		
১৪	সোশ্যাল মিডিয়ার ব্যবহার (দাপ্তরিক কাজে ও নাগরিক সেবা প্রদানে সোশ্যাল মিডিয়া ব্যবহার করেন কি না?)	৫		
১৫	স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ	৫		
১৬	উপস্থাপন দক্ষতা	৫		
১৭	ই-নথি ব্যবহারে আগ্রহ (ই-নথিতে দক্ষতা আছে কি না)	৫		
১৮	অভিযোগ প্রতিকার সহযোগিতা	৫		
১৯	মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম	৫		
	মোট=	১০০		

সংযুক্ত- "গ"

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২০ চৈত্র ১৪২৩/০৩ এপ্রিল ২০১৭

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.১০৪—'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল মন্ত্রিসভা-বৈঠকে ২০১২ সালে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ২.১.৩ অনুচ্ছেদের ৪ নম্বর ক্রমিকে শুদ্ধাচার চর্চার জন্য নির্বাহী বিভাগের কর্মচারীদের প্রণোদনা ও পারিতোষিক ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করা হয়েছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত করেছে।

সে পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' প্রণয়ন করেছে। সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মূল্য ঃ টাকা ৮.০০